

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপপরিচালকের কার্যালয়
প্লট নং ৮৮, সেক্টর-২, উপশহর, যশোর।
www.brdb.jessore.gov.bd


স্মারক নং ৪৭.৬২.৪১০০.৮৫৯.১৮.০৩৫.১৭. ২৪৫

তারিখ ২৮-০৩-২০২৪ খ্রি

বিষয়: ব্যাখ্যা তলব।

বর্ণিত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারীর মার্চ ২০২৪ মাসের অগ্রীম ভ্রমণসূচি বিগত ২৮.০২.২০২৪ তারিখে জেলাধীন সকল উপজেলা দপ্তরের দাপ্তরিক ই-মেইল ঠিকানায় প্রেরণসহ জেলা দপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। উক্ত অগ্রীম ভ্রমণসূচি মোতাবেক ২৭ মার্চ ২০২৪ সকাল ৯.০৮ টায় বিআরডিবি, বাঘারপাড়া উপজেলা দপ্তরে উপস্থিত হলে দেখা যায় আপনি নির্ধারিত সময়ে দপ্তরে উপস্থিত হননি। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (রাজস্ব), সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) ও হিসাবরক্ষক দপ্তরে অনুপস্থিত। পরে সকাল ৯.৪৫ টার পর আপনি দপ্তরে আগমন করেন। উর্ধ্বতন কর্তৃপক্ষের পূর্বনির্ধারিত ভ্রমণের দিন নির্ধারিত সময়ে আপনার কর্মস্থলে অনুপস্থিতি প্রমাণ করে আপনি কর্মস্থলে অবস্থান করেননা, নিয়মিত বিলম্বে দপ্তরে আগমন করেন, দাপ্তরিক দায়িত্ব পালনে অবহেলা করেন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অমান্য করেন। যা অসাদাচরণের শামিল।

এ অবস্থায়, কর্মস্থলে অবস্থান না করা, যথাসময়ে কর্মস্থলে উপস্থিত না হওয়া, দাপ্তরিক দায়িত্ব পালনে অবহেলা, উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অমান্য তথ্য অসদাচরণের জন্য কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ এবং ০১ (এক) দিনের বেতন কর্তন করা হবেনা তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য বলা হলো। একই সাথে আপনার অধীন কর্মকর্তা-কর্মচারীবৃন্দের যথাসময়ে অফিসে আগমন না করার কারণে ব্যাখ্যাসহ তাদের বিরুদ্ধে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করে তা নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য বলা হলো।


২৪.০৩.২০২৪

মো: কামরুজ্জামান

উপপরিচালক

ফোন : ০২৪৭৭৬২৫৩৪

ই-মেইল: ddjessore@brdb.gov.bd

জনাব বিবেকান্দ রায়

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

০১। যুগ্মপরিচালক (প্রশাসন/সিসিএম), বিআরডিবি, ঢাকা।

০২। অফিস/ব্যক্তিগত নথি।